রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জুন ১৬, ২০১৫**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০২ আষাঢ়, ১৪২২/১৬ জুন, ২০১৫

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০২ আষাঢ়, ১৪২২ মোতাবেক ১৬ জুন, ২০১৫ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:-

## ২০১৫ সনের ০৯ নং আইন

### ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

## বিল

যেহেতু ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **২০১৪-২০১৫ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৯৫০৮,৫৭,১২,০০০ (নয় হাজার পাঁচশত আট কোটি সাতান্ন লক্ষ বার হাজার) টাকা প্রদান।**—২০১৫ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **৯৫০৮,৫৭,১২,০০০ (নয় হাজার পাঁচশত আট কোটি সাতান্ন লক্ষ বার হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।



**মূল্য ঃ** টাকা ৮.০০

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**
**(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)**

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ২২,৯৩ | ০ | ২২,৯৩ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৪৬,৮৪,৪৮ | ৪৬,৮৪,৪৮ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ৩৪,৯৩,৭৭ | ৮৫,৮৭,০০ | ১২০,৮০,৭৭ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ৮৭,৫৯,০৩ | ৮৭,৫৯,০৩ |
| | সরকারি কর্ম কমিশন | ৮১,২৬ | ০ | ৮১,২৬ |
| | অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ৫০,৫১ | ০ | ৫০,৫১ |
| ০৮ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ১৪২,৮৩,৩১ | ১৪২,৮৩,৩১ |
| ১০ | পরিকল্পনা বিভাগ | ০ | ১৮১৯,৯৬,৪৫ | ১৮১৯,৯৬,৪৫ |
| ১৩ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৩৫,৩৯,২৮ | ৩৫,৩৯,২৮ |
| ১৪ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৩৭,০৭,১৮ | ৩৭,০৭,১৮ |
| ১৫ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ১২৭১,১৭,৫৫ | ১২৭১,১৭,৫৫ |
| ১৬ | সশস্ত্র বাহিনী বিভাগ | ০ | ১,৮৪,৪২ | ১,৮৪,৪২ |
| ১৮ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৩৭২,৯৪,৭৬ | ১৩৭২,৯৪,৭৬ |
| ২১ | শিক্ষা মন্ত্রণালয় | ০ | ৬৫৭,৮৬,৩৪ | ৬৫৭,৮৬,৩৪ |
| ২২ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ১৪২৩,৬৯,২৩ | ১৪২৩,৬৯,২৩ |
| ২৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ০ | ৩৯২,১৩,৯২ | ৩৯২,১৩,৯২ |
| ২৭ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৭৮,২৪,৫৪ | ৭৮,২৪,৫৪ |
| ২৯ | তথ্য মন্ত্রণালয় | ০ | ৪,৩২,২০ | ৪,৩২,২০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪৩,৯২,০৯ | ৪৩,৯২,০৯ |
| ৩১ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪৫,৯২,৯৯ | ৪৫,৯২,৯৯ |
| ৩৩ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ১৫৩৭,২৪,২৯ | ১৫৩৭,২৪,২৯ |
| ৩৪ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ৮৭,২১,৮৯ | ৮৭,২১,৮৯ |
| ৪০ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ২৪,১৯,৮২ | ২৪,১৯,৮২ |
| ৪৯ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ২২৩,০৩,৫০ | ২২৩,০৩,৫০ |
| | সুপ্রীম কোর্ট | ১০,৮১,৫৫ | -১,০০ | ১০,৮০,৫৫ |
| ৫৪ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৩৬,০১,৫৩ | ৩৬,০১,৫৩ |
| | দুর্নীতি দমন কমিশন | ৬,০৯,৩০ | -১৭,০০ | ৫,৯২,৩০ |
| | **মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী** | **৫৩,৩৯,৩২** | **৯৪৫৫,১৭,৮০** | **৯৫০৮,৫৭,১২** |

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd